বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-il:dgmbcbd@krishibank.org.bd

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং প্রকা/শানিব্যউবি-১(১০৫)প্রাইম/২০১৮-২০১৯/ ৯০ ৭৮ তারিখ ঃ ০৮-০১-২০১৯খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৩। সকল শাখা ব্যবস্থাপক
( মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর নন্-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা এবং পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে প্রাইম ইসলামী লাইফ ইনসিওরেন্স লিঃ এর ০৭/১১/২০১৮ ইং তারিখের পত্র নং- প্রাইম /প্রকা /হিসাব ও অর্থ/ব্যাংক রি কন/ ফা-০১/১২৪০৮/১৮ নং পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক ও প্রাইম ইসলামী লাইফ ইনসিওরেন্স লিঃ এর মধ্যে 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামীলাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে নন-অপারেটিভ চলতি বিএমবিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনার জন্য ব্যাংক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ২৭/১২/২০১৮ ইং তারিখে একটি সমঝোতা স্মারক সম্পাদিত হয়েছে ।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক ও প্রাইম ইসলামী লাইফ ইনসিওরেন্স লিঃ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের ভিত্তিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামীলাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে নন-অপারেটিভ চলতি বিএমবিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম আগামী ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত নিম্ন বর্ণিত শর্তে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

(ক) এ সমঝোতা স্মারক ০১-০১-২০১৯ তারিখ হইতে কার্যকর হবে এবং ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

(খ) প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কর্তৃক 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে তাদের প্রধান কালেকশন হিসাব যথাক্রমে এসএনডি হিসাব নং -১৬১ ও এসএনডি হিসাব নং-১৯৮ বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় পূর্বেই খোলা হয়েছে।এছাড়া অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় প্রাইম ইসলামী লাইফ ইনসিওরেন্স লিঃ উক্ত সময়ে প্রয়োজন অনুযায়ী 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে নন্-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খুলবে ও পরিচালনা করতে পারবে।

(গ) সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক বিকেবির বিভিন্ন শাখায় প্রিমিয়াম কালেকশনের জন্য একই নামের নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলার সময় মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েশন এবং অন্যান্য কাগজ পত্রাদি দাখিল করতে হবে না । হিসাব খোলার জন্য কোম্পানীর লেটার হেড প্যাডে একটি আবেদন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে দাখিল করতে হবে, যার একটি অনুলিপি কোম্পানী কর্তৃক বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(ঘ) প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কর্তৃক ব্যাংকের বিভিন্ন শাখায় 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে যে সকল নন্- অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা হয়েছে/হবে <u>তা থেকে টাকা উঠানো যাবে না এবং চেক বইও ইস্যু করা যাবে না।</u> নন্- অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাবগুলোতে জমাকৃত প্রিমিয়ামের টাকা পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় এর সংশ্লিষ্ট এসএনডি হিসাবগুলোতে এমটি (মেইল ট্রান্সফার) এর মাধ্যমে স্থানান্তর করতে হবে। টাকা স্থানান্তরের জন্য অত্র ব্যাংকের প্রচলিত নিয়মে কমিশন , ডাকখরচ সহ বিভিন্ন চার্জ ও ভ্যাট ইত্যাদি শাখায় রক্ষিত কোম্পানীর সংশ্লিষ্ট নন-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব হতে কর্তন করতে হবে।

(ঙ) সরকার ও ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী কোম্পানীর সকল হিসাব হতে উৎসে কর/আবগারী শুল্ক ইত্যাদি কর্তন করতে হবে।

(চ) শাখায় উপরোক্ত নামের নন্-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাবসমূহে কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগন কর্তৃক অত্র ব্যাংকের পে-ইন স্লিপের মাধ্যমে সংগৃহীত প্রিমিয়ামের টাকা জমা করতে হবে।

চলমান পাতা-০২

(ছ) শাখায় উপরোক্ত নামীয় কালেকশন হিসাবসমূহে জমাকৃত অর্থ বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে রক্ষিত এসএনডি হিসাব নং -১৬১ ও এসএনডি হিসাব নং -১৯৮ তে **স্থানান্তর কালে সংশ্লিষ্ট হিসাব হতে ১% হারে সার্ভিস চার্জ আদায় করতে হবে।**

(জ) প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড প্রতি মাসান্তে ব্যাংকের বিভিন্ন শাখায় জমাকৃত প্রিমিয়ামের টাকা স্থানীয় মুখ্য কার্যালয়ে স্থানান্তরিত টাকার সাথে সংগতিপূর্ণ কিনা তা সমন্বয় করে দেখবে।

০৩। উল্লেখিত শর্তাবলী মোতাবেক অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে নন্-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম আগামী ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত চালু থাকবে।

০৪। এমতাবস্থায় , উপরোক্ত শর্ত যথাযথভাবে অনুসরন করে উল্লেখিত কোম্পানীর 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (মুক্ত বীমা)' ও 'প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ (একক বীমা)' নামে নন্-অপারেটিভ চলতি বিএম বিহীন কালেকশন হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এতদ্‌সংক্রান্ত কাজে যে কোন ধরনের অনিয়মের জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

আপনার বিশ্বস্ত

০৮.০১.১৯

(মোঃ নিজামুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন নং- ৯৫৫৯৫২৪

পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(১০৫)প্রাইম/২০১৮-২০১৯/ ১৫৯৮(১২৫০) তারিখ ঃ ০৮-০১-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ( **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো**)।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ, রাজ ভবন (৭ম তলা), ২৯ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
১১। নথি/মহানথি।

০৮.০১.১৯

(মুহাম্মদ আইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক